# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২০৯/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ২৬ এপ্রিল ২০১৮, ১৩ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্বিতীয় মেয়াদে শপথ গ্রহণের পর জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন

২। প্রধানমন্ত্রী গ্লোবাল সামিটে যোগ দিতে আজ অস্ট্রেলিয়া যাচ্ছেন

৩। জলবায়ু পরিবর্তন নিয়ে গ্লোব ইন্টারন্যাশনালকে কাজ করার আহ্বান স্পিকারের
নারীরা তথ্য প্রযুক্তিতে দক্ষ হলে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহজ হবে : স্পিকার

৪। বাংলাদেশ-কম্বোডিয়ার মধ্যে বাণিজ্য চুক্তি জুনের শেষে : কম্বোডিয়ায় বাণিজ্যমন্ত্রী

৫। রোহিঙ্গা ইস্যুর স্থায়ী সমাধান না হলে শান্তি আসবে না : জাতিসংঘে স্বরাষ্ট্রমন্ত্রী

৬। কমিউনিটি ক্লিনিক দিবসে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
স্বাস্থ্যসেবায় দেশ-বিদেশে এক অনন্য নজির

৭। ক্রয়কমিটিতে সৌদি থেকে ইউরিয়া সার আমদানিসহ ৭ প্রস্তাব অনুমোদন

৮। প্রশিক্ষিত জনশক্তিই দেশকে দ্রুত এগিয়ে নিতে পারে : জাপানগামীদের অনুষ্ঠানে প্রবাসী কল্যাণমন্ত্রী

৯। বাড়ির নক্শায় বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা বাধ্যতামূলক : গণপূর্তমন্ত্রী

১০। বাংলাদেশের সঙ্গে যৌথ বিনিয়োগে আগ্রহী ভারতীয় উদ্যোক্তারা

চলমান পাতা-২

**১। দ্বিতীয় মেয়াদে শপথ গ্রহণের পর জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ টানা দ্বিতীয় বারের মতো দেশের সর্বোচ্চ পদে শপথ গ্রহণের একদিন পর গতকাল (২৫ এপ্রিল বুধবার) সাভারের জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। পরে পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি। তিনি সেখানে দলমতনির্বিশেষে নিজ নিজ অবস্থান থেকে জাতি গঠনে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিকেলে রাজধানীর ধানমণ্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (২৬ এপ্রিল বৃহস্পতিবার) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা জানাতে টুঙ্গি পাড়ায় যাবেন। সেখানে তিনি পবিত্র ফাতেহা পাঠ ও বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া-মোনাজাতে অংশ নেবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**২। প্রধানমন্ত্রী গ্লোবাল সামিটে যোগ দিতে আজ অস্ট্রেলিয়া যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠেয় 'গ্লোবাল সামিট উইমেন' সম্মেলনে যোগ দিতে তিনদিনের সরকারি সফরে আজ ২৬ এপ্রিল বৃহস্পতিবার অস্ট্রেলিয়া যাচ্ছেন। থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে সিডনির উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন তিনি। আগামীকাল ২৭ এপ্রিল শুক্রবার স্থানীয় সময় সকালে ফ্লাইটটির সিডনি পৌঁছানোর কথা রয়েছে। সম্মেলনে প্রধানমন্ত্রী মর্যাদাপূর্ণ 'গ্লোবাল ওমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড ২০১৮' এ ভূষিত হবেন। যুক্তরাষ্ট্রভিত্তিক 'গ্লোবাল সামিট অব ওমেন' প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাংলাদেশে নারী শিক্ষার প্রসার এবং নারী উদ্যোক্তা সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালনের স্বীকৃতি হিসেবে এ সম্মাননা পদকে ভূষিত করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। জলবায়ু পরিবর্তন নিয়ে গ্লোব ইন্টারন্যাশনালকে কাজ করার আহ্বান স্পিকারের**
**নারীরা তথ্য প্রযুক্তিতে দক্ষ হলে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহজ হবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশে নদী দূষণ, নদীর পানি ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে কৃষিখাত রক্ষা ও খাদ্য নিরাপত্তায় সংসদ সদস্যদের সম্পৃক্ত করে গ্লোব ইন্টারন্যাশনালকে কাজ করার আহ্বান জানিয়েছেন। গতকাল (২৫ এপ্রিল বুধবার) জাতীয় সংসদ ভবনে গ্লোব ইন্টারন্যাশনালের সেক্রেটারি জেনারেল মালিনি মেহরা স্পিকারের সঙ্গে সাক্ষাতকালে স্পিকার এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬),

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, নারীরা তথ্যপ্রযুক্তিতে দক্ষ হলে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহজতর হওয়ার পাশাপাশি অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জিত হবে। গতকাল (২৫ এপ্রিল বুধবার) রাজধানীর ব্র্যাক সেন্টারে আয়োজিত ইন্টারন্যাশনাল গার্লস ইন-আইসিটি ডে-২০১৮ উপলক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে নারীদের অংশগ্রহণে প্রতিবন্ধকতা বিষয়ক গবেষণা উপস্থাপনা অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে স্পিকার এসব কথা বলেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে নারীর ক্ষমতায়ন আজ দৃশ্যমান। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে আজ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৪। বাংলাদেশ-কম্বোডিয়ার মধ্যে বাণিজ্য চুক্তি জুনের শেষে : কম্বোডিয়ায় বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে বাণিজ্য বাড়াতে দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি হতে যাচ্ছে। জুনের শেষে অথবা জুলাইয়ের প্রথম দিকে এ চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। কম্বোডিয়ায় সফররত বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সে দেশের বাণিজ্যমন্ত্রীকে আগামী জুনের শেষে বা জুলাইয়ের প্রথম দিকে বাইলেটারেল ট্রেড অ্যাগ্রিমেন্ট স্বাক্ষরের জন্য ঢাকা সফরের আমন্ত্রণ জানিয়েছেন। গতকাল (২৫ এপ্রিল বুধবার) নমপেন হোটেলে কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী

প্যান সোরাসাকের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে তোফায়েল আহমেদ বলেন, কম্বোডিয়ার সঙ্গে বাংলাদেশের বিপুল বাণিজ্য সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ ও কম্বোডিয়া বাণিজ্য চুক্তি স্বাক্ষর করলে বাণিজ্য বৃদ্ধি পাবে। এ সময় কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী বাংলাদেশের ব্যবসায়ীদের সে দেশে বিনিয়োগের আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৫। রোহিঙ্গা ইস্যুর স্থায়ী সমাধান না হলে শান্তি আসবে না : জাতিসংঘে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান না হলে তা আঞ্চলিক এবং বৈশ্বিক শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে ব্যাপক প্রভাব ফেলবে। গত ২৪ এপ্রিল মঙ্গলবার জাতিসংঘে 'শান্তি বিনির্মাণ ও টেকসই শান্তি' শীর্ষক উচ্চপর্যায়ের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিনিধি হিসেবে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশের আর্থসামাজিক ও পরিবেশগত ক্ষেত্রে বিরূপ প্রভাব ফেলছে। রোহিঙ্গা সমস্যার সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ সাধারণ পরিষদে দেওয়া ভাষণের পাঁচ দফা সুপারিশ এবং কফি আনান কমিশনের প্রতিবেদনের শর্তহীন পূর্ণ বাস্তবায়নের ওপর জোর দেন তিনি।
সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৬। কমিউনিটি ক্লিনিক দিবসে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**
**স্বাস্থ্যসেবায় দেশ-বিদেশে এক অনন্য নজির**

দেশের স্বাস্থ্যসেবার অবিচ্ছেদ্য অংশ হিসেবে নজির গড়েছে 'কমিউনিটি ক্লিনিক'। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশংসিত। বিশ্বের অনেক দেশ কমিউনিটি ক্লিনিক কার্যক্রম রোল মডেল বিবেচনায় নিয়ে নিজ দেশে তা চালুর উদ্যোগ নিয়েছে। তৃণমূল পর্যায়ে প্রতি ছয় হাজার ব্যক্তির চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে একটি করে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা হিসেবে বর্তমানে সারাদেশে ১৩ হাজারেরও বেশি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। আজ ২৬ এপ্রিল বৃহস্পতিবার পালিত হচ্ছে জাতীয় কমিউনিটি ক্লিনিক দিবস। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন। আজ রাজধানীসহ সারাদেশে দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪)।

**৭। ক্রয়কমিটিতে সৌদি থেকে ইউরিয়া সার আমদানিসহ ৭ প্রস্তাব অনুমোদন**

সৌদি আরব থেকে ইউরিয়া সার আমদানিসহ ৩৬০ কোটি টাকার সাতটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে। গতকাল (২৫ এপ্রিল বুধবার) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.১৬,ক.২)।

**৮। প্রশিক্ষিত জনশক্তিই দেশকে দ্রুত এগিয়ে নিতে পারে : জাপানগামীদের অনুষ্ঠানে প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, সরকারের উন্নয়ন অগ্রযাত্রাকে সমুন্নত রাখতে দক্ষ মানবসম্পদের বিকল্প নেই। প্রশিক্ষিত জনশক্তিই স্বল্প সময়ে দেশকে এগিয়ে নিতে পারে। গতকাল (২৫ এপ্রিল বুধবার) প্রবাসী কল্যাণ ভবনে পিছিয়ে পড়া জেলা থেকে জাপানগামী কর্মীদের ভাষা প্রশিক্ষণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, দক্ষ মানবসম্পদ তৈরি করে বিদেশে পাঠানোর জন্য সরকারের কার্যক্রম প্রতিনিয়ত সম্প্রসারিত হচ্ছে। তিনি বলেন, প্রবাসীদের মূল্যবান বৈদেশিক মুদ্রা দেশের অর্থনীতির ভিত্তি শক্তিশালী করেছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**৯। বাড়ির নক্‌শায় বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা বাধ্যতামূলক : গণপূর্তমন্ত্রী**

ভবন নির্মাণে গণপূর্ত অধিদফতরের সক্ষমতা আগের থেকে অনেক বেড়েছে বলে দাবি করেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। তাই সরকারের অর্থ সাশ্রয়ের জন্য সরকারি ভবন রক্ষণাবেক্ষণে গুরুত্ব দিতে সংশ্লিষ্টদেরকে প্রয়োজনে রক্ষণাবেক্ষণ ব্যয় বাড়ানোরও নির্দেশ দেন তিনি। গতকাল (২৫ এপ্রিল বুধবার) ২০১৭-১৮ অর্থবছরে গণপূর্ত অধিদফতরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বিষয়ক দুই দিনব্যাপী বার্ষিক সম্মেলনে এসব কথা বলেন। মন্ত্রী বলেন, ভবনগুলোতে বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা করতে হবে। নতুন করে বাড়ির নক্‌শা অনুমোদনের ক্ষেত্রে বৃষ্টির পানি সংরক্ষণে বাধ্যতামূলক করতে হবে ভবনের ছাদ বা নিচে রেইন রিজার্ভের ব্যবস্থা। এছাড়া সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট না থাকলে কোনো ভবনের নক্‌শা অনুমোদন দেয়া হবে না বলে জানান গণপূর্তমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**১০। বাংলাদেশের সঙ্গে যৌথ বিনিয়োগে আগ্রহী ভারতীয় উদ্যোক্তারা**

বাংলাদেশের সঙ্গে চিকিৎসাসেবা, শিক্ষা, তথ্যপ্রযুক্তি ও ব্যাংকিং খাতে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে ভারতীয় উদ্যোক্তারা। তাঁরা বাংলাদেশের সঙ্গে যৌথ চিকিৎসাসেবা এবং এদেশের শিক্ষাখাতে প্রযুক্তিগত সহায়তা প্রদানের আগ্রহ দেখিয়েছেন। একইসঙ্গে বাংলাদেশের অর্থনীতি একটি শক্তিশালী অবস্থানে রয়েছে বলে মনে করেন ভারতের কলকাতার বেঙ্গল চেম্বার অভ্ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি চন্দ্র শেখর ঘোষ। গতকাল (২৫ এপ্রিল বুধবার) ফেডারেশন অভ্ বাংলাদেশ চেম্বার্স অভ্ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) মিলনায়তনে ভারতের বেঙ্গল চেম্বার অভ্ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সফররত ১৮ সদস্য বিশিষ্ট এক প্রতিনিধিদলের সঙ্গে এফবিসিসিআইয়ের অনুষ্ঠিত আলোচনাসভায় এ আগ্রহ প্রকাশ করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৪,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, যায়যায়দিন, যুগান্তর, অবজারভার, ডেইলি সান** : মোঃ আবদুল হামিদ বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়ে তাঁর দীর্ঘ ও সক্রিয় সুস্থ জীবন কামনা।

খ. **যায়যায়দিন** : ০.৬৫ মিলিয়ন টন তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) নিয়ে কার্গো ভেসেল মহেশখালীতে নোঙর করার মাধ্যমে এলএনজি যুগে বাংলাদেশ প্রবেশ করাকে ইতিবাচক উল্লেখ করে গ্যাস সংকট নিরসনে তা ভূমিকা রাখবে বলে মতপ্রকাশ।

গ. **ইত্তেফাক :** দেশের পূর্বাঞ্চলের পাহাড়, উত্তরাঞ্চলের চর ও দক্ষিণাঞ্চলের উপকূলের মানুষেরা এখন খাদ্য সংকটে ভুগছে উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ** : পরিবেশ অধিদফতরের এক জরিপে রাজধানীতে স্বাভাবিকের চেয়ে প্রায় আড়াইগুণ বেশি শব্দদূষণ হচ্ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি জনগণকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **প্রথম আলো :** মোবাইল ফোন অপারেটরদের বৈশ্বিক সংগঠন জিএসএম অ্যাসোসিয়েশনের প্রতিবেদন অনুযায়ী দেশে মোবাইল ইন্টারনেটের গড় গতি মাত্র ৫ এমবিপিএস (মেগাবিটস প্রতি সেকেন্ড) যা দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের গতির তুলনায় কম উল্লেখ করে গতি বাড়ানোর উদ্যোগ নেওয়ার পাশাপাশি ইন্টারনেটের দাম কমানোর ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ এজ :** ন্যাশনাল ম্যালেরিয়া এলিমিনেশন প্রোগ্রাম এর এক রিপোর্টে দেশের ৯৩ পার্সেন্ট ম্যালেরিয়া রোগী আসে বান্দরবান, রাঙামাটি ও খাগড়াছড়ি এ তিন পার্বত্যাঞ্চল থেকে-তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের চামড়াজাত পণ্য ও জুতা, রপ্তানির ক্ষেত্রে গার্মেন্টস খাতের পর দ্বিতীয় অবস্থানে রয়েছে উল্লেখ করে এ খাতের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ বাংলাদেশের মহাকাশ গবেষণায় একটি বিরাট মাইলফলক।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রাথমিক বিদ্যালয়ে বাগান বাধ্যতামূলক করা হোক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, স্কুলগামী শিশুদের ব্যবহারিক কৃষিশিক্ষার জন্য বিদ্যালয়ে বাগান বাধ্যতামূলক করা এখন যুগের দাবি।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা